মেহেরপুরে জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পুর্তিতে আলোচনা সভা

বর্ণাঢ্য র্যালী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি পালন করা হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে আজ রবিবার (২৮ মে) সকাল ১০ টার দিকে বার্নাঢ্য র্যালীটি বাদ্যের তালে তালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা শিল্পকলা একাডেমীতে গিয়ে শেষ হয়। র্যালিতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজল ইসলাম।

র্যালিতে অনান্যদের মধ্যে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম,মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, সিভিল সার্জন ডাঃ মোঃ জাওয়াহেরুল আনাম সিদ্দিকী, অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা-উল জান্নাহ, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন, মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সুপার ডাঃ জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। অনুষ্ঠানে ঢাকার নিজ বাসভবন থেকে জুমের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।
আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

সিনিয়র সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোছা: রনী খাতুনের সঞ্চালনায় আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা-উল জান্নাহ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান

মালেক।

গাংনীতে জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তিতে আলোচনা সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে গাংনীতে বর্ণাঢ্য শোভাযাত্রা আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকালে উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রতিক্ষণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা চত্তরে একটি জলপাই গাছের চারা রোপন করা হয়।

মেহেরপুর-২ আসনের এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ গাছের চারাটি রোপন করেন। পরে উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, আওয়ামীলীগের স্থানীয় নেতা মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, বামন্দী ইউনিয়ন পরিষদ ওবায়দুর রহমান কমল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান।

